

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৭৫০

১/ বিবিধ

আরবী

كان يتنور في كل شهر، ويقلم أظفاره في كل خمس عشرة  
ضعيف

رواه الخطيب في " السادس " من " الجامع " كما في " المنتقى منه " ( 2 / 19 ) وعنه  
ابن عساكر ( 15 / 338 / 1 - 2 ) : أخبرنا هلال بن محمد بن جعفر الحفار أنبأنا  
إسماعيل بن محمد الصفار حدثنا محمد بن صالح الأنماطي حدثنا العباس بن عثمان  
المعلم: حدثني الوليد عن عبد العزيز بن أبي رواد عن نافع عن ابن عمر مرفوعا.  
قلت: وهلال هذا ترجمه الخطيب في " التاريخ " ( 13 / 75 ) وقال: " كتبنا عنه، وكان  
صدوقا ". وإسماعيل الصفار ثقة كما في " الميزان ". وكذا محمد بن صالح الأنماطي  
وكذا العباس بن عثمان المعلم ثقات كلهم، وفي الأخير كلام يسير. والوليد هو ابن  
مسلم وهو ثقة من رجال الشيخين ولكنه يدلس تدليس التسوية. ولولا ذلك لحكمت  
على هذا الإسناد بالجودة فإن عبد العزيز بن أبي رواد صدوق ربما وهم، واحتج به  
مسلم. ونافع أشهر من أن يذكر

والحديث أورده السيوطي في " الجامع " من رواية ابن عساكر وحده. وبيض له  
المناوي، وجزم السيوطي في " الحاوي " ( 1 / 341 - طبع الدمشقي ) بضعف إسناده

বাংলা

১৭৫০। তিনি প্রত্যেক মাসে নিজের চুল দূর করার নাওরাহ ব্যবহার করতেন। আর তার নখ কাটতেন প্রত্যেক

পনেরো দিনে।

হাদীসটি দুর্বল।

এটিকে খাতীব "আলজামে"-র "আসসাদেস" এর মধ্যে যেমনটি "আলমুনতাকা মিনহু" গ্রন্থে (২/১৯), আর তার থেকে ইবনু আসাকির (১৫/৩৩৮/১-২) হিলাল ইবনু মুহাম্মাদ ইবনু জা'ফার আলহাফফার হতে, তিনি ইসমাইল ইবনু মুহাম্মাদ সফফার হতে, তিনি মুহাম্মাদ ইবনু সালেহ আনমাতী হতে, তিনি আব্বাস ইবনু উসমান মুয়াল্লিম হতে, তিনি অলীদ হতে, তিনি আব্দুল আযীয ইবনু আবু রাওয়াদ হতে, তিনি নাফে হতে, তিনি আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ খাতীব "আততারীখ" গ্রন্থে (১৩/৭৫) এ হিলালের জীবনী উল্লেখ করে বলেছেনঃ তার থেকে লিখেছি, তিনি সত্যবাদী ছিলেন। আর ইসমাইল সফফার নির্ভরযোগ্য যেমনটি "আলমীযান" গ্রন্থে এসেছে। অনুরূপভাবে মুহাম্মাদ ইবনু সালেহ আনমাতী এবং আব্বাস ইবনু উসমান আলমুয়াল্লিম এরা সকলেই নির্ভরযোগ্য। তবে শেষোক্ত ব্যক্তির ব্যাপারে সামান্য সমালোচনা রয়েছে।

আর অলীদ ইবনু মুসলিম বুখারী ও মুসলিমের বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত নির্ভরযোগ্য। কিন্তু তিনি তাদলীসুত তাসবিয়্যাহ করতেন। যদি এরূপ না হতো তাহলে এ হাদীসটির সনদকে ভালো বলে হুকুম প্রদান করতাম। কারণ আব্দুল আযীয ইবনু আবু রাওয়াদ সত্যবাদী, কখনও কখনও সন্দেহ করতেন। তার দ্বারা ইমাম মুসলিম দলীল গ্রহণ করেছেন। হাদীসটিকে সুযুতী "আলজামে" গ্রন্থে শুধুমাত্র ইবনু আসাকিরের বর্ণনায় উল্লেখ করেছেন। মানবী কোন হুকুম না লাগিয়ে খালী জায়গা ছেড়ে দিয়েছেন। আর সুযুতী "আলহাবী" গ্রন্থে (১/৩৪১) দৃঢ়তার সাথে এর সনদকে দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=72633>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন